

016

শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত
জাতীয় সংসদে স্থায়ী
কমিটির বৈঠক

জাতীয় সংসদের শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত স্থায়ী কমিটির প্রথম বৈঠক গতকাল শনিবার সন্ধ্যায় সংসদ ভবনের স্থায়ী কমিটির এক নম্বর কক্ষে অনুষ্ঠিত হয়। খবর বাসস'র।

শিক্ষামন্ত্রী এবং এই কমিটির চেয়ারম্যান আনিসুল ইসলাম মাহমুদ বৈঠকে সভাপতিত্ব করেন। বৈঠকে সদস্যদের মন্ত্রণালয়ের নীতি, কর্মসূচি এবং তৎপরতা সম্পর্কে অবহিত করা হয়।